বাংলাদেশ জাতীয় সংসদ

স্পীকার এবং ডেপুটি স্পীকার, বিরোধী দলীয় নেতা এবং উপনেতা, চীফ হুইপ এবং হুইপদের (পারিতোষিক ও বিশেষাধিকার)

[২০০৭ সালের এপ্রিল পর্যন্ত সংশোধিত]

THE SPEAKER AND DEPUTY SPEAKER (REMUNERATION AND PRIVILEGES) ACT,1974

[Amended up to April, 2007]

[Published in the Bangladesh Gazette, Extraordinary, dated the 22nd july, 1974]

BANGLADESH PARLIAMENT

Dacca, the 22nd July, 1974

The following Act of parliament received the assent of the president on the 22nd July.1974,and is hereby published for general information :-

Act No XL V111 of 1974

An Act to revise the provisions relating to the remuneration and privileges of the Speaker and Deputy Speaker of Parliament:

WHEREAS it is expedient to revise the provisions relating to the remuneration and privileges of the Speaker and Deputy Speaker of parliament;

It is hereby enacted as follows: -

1. **Short title.**- This Act may be called the Speaker and Deputy Speaker (Remuneration and privileges) Act. 1974

2. **Definitions.**- in this Act, unless there is Anything repugnant in the subject or context,-

[1][(a)"Act" means the Ministers, Ministers of state and Deputy Minister's (Remuneration and privileges) Act, 1973(1V of 1973);]

[2][(aa)''Deputy Speaker'' means the Deputy Speaker of parliament; and

(b) Speaker'' means the Speaker of parliament ;and includes the Deputy Speaker performing the functions of the Speaker,

3. **Salary of the Speaker and Dy. Speaker.**-(1) There shall be paid to the Speaker a salary at the rate of Taka [3][[4][thirty one thousand and two hundred]] per mensem and to the Deputy Speaker a salary at the rate of Taka [5][[6]]Twenty nine thousand]] per mensem

(2) The Salary payable to the Speaker and the Deputy Speaker under sub-section (1) Shall not be liable to any tax.

---

[1]Clause (a) is inserted by Act no. 7 of 1987. s.2

[2] Clause (aa) is re-numbered for clause (a). ibid, s.2

[3] The words twenty one thousand and five hundred are substituted for the words thirteen thousand and five hundred by Act No.2 of 2000. s.2 (w.e.f.1-7-1999).

[4] The words thirty one thousand and two hundred are substituted for the words twenty one and five hundred by Act No.23 of 2005 s. 2 (w.e.f.1-07-2005).

[5] The words twenty Thousand are substituted for the words twelve thousand ibid ,s.2 (w.e.f.1-7-1999).

[6] The words twenty nine thousand are substituted for the words twenty thousand by Act No. 23 of 2005 , s.2 (w.e.f. 1-07-2005).

[1][4. **Sumptuary allowance.-**There shall be paid per mensem to the Speaker a sumptuary allowance of Taka [2][[3][6,000]] and to the Deputy Speaker a sumptuary allowance of Taka [2][[3][6000]].

5. Daily allowance during halt.(1) The Speaker, while on tour, shall be entitled to the same daily allowance as is admissible to the Prime Minister under the Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (1X of 1975).

(2) The Deputy Speaker, while on tour, shall be entitled to the same daily allowance as is admissible to a Minister under the Act.

6. **Insurance cover for air Journey.-**(1) For journey by air, the Speaker shall be provided with insurance cover for Taka 5,00,000 on annual basis at Government expense.

(2) For journey by air, the Deputy Speaker shall be provided with the same insurance cover as is admissible to a Minister under the Act on annual basis at Government expense.

7. **Discretionary grant.**-(1) There shall be placed at the disposal of the Speaker as discretionary grant an amount not exceeding [4][[5][Taka 3,00,000]] per annum.

(2) There shall be placed at the disposal of the Deputy Speaker as discretionary grant amount not exceeding the amount admissible to a Minister under the Act.

8. **Official residence.**(1) There shall be an official residence for the Speaker which shall be furnished and maintained at Government expense.

(2) If the Speaker decides to reside in his own house or in any house other than the official residence, it shall be furnished at a cost not exceeding Taka 1,50,000.

(3) The Deputy Speaker shall be entitled to an official residence on the same terms and conditions as are admissible to a Minister under the Act.

9. **Other allowances, facilities and privileges.** The other allowances, facilities and privileges of the Speaker and the Deputy Speaker shall be the same as are admissible to a Minister under the Act.

[6][Provided that the Speaker shall be entitled to one more Assistant Private Secretary and an additional peon:

provided further that the rank, status, method of appointment and other conditions of service of the Assistant Private Secretary shall be such as specified in section 14 of the Act:

Provided further that the additional peon shall be appointed at a consolidated pay to be fixed by the Government from time to time, who shall hole his office during the pleasure of the Speaker and so long as the Speaker holds his office.

[7][* * * * * * * * * * * * * *]

S. M. Rahman
Secretary

---

[1]Section 4 .5.6.7.8.and 9 are substituted of the section by Act No.7 of 1987(w,e.f.1.7.1986)

[2] The figures "5,000" and 3,000 are substituted for the figures "4.000" and"2.000" by Act No .16 of 1992 s.3.(w.e.f.1.2.1991)

[3] The figure "6.000" are Substituted for the Figure "5.000"and "3.000"by Act No.21 of 2003.s.2(w.c.f 1.7.2003)

[4] The word and figure Taka 2.oo.ooo" are substituted for the word and figure "Taka 1.50.000"by Act No .5of 1989 s.2(w.c.f.1-07-1988)

[5] The figure "3.oo.ooo" are substituted for the figure "2.00.000" by Act No 21 of 2003 .s.3(w.ef-1-7-2003)

[6] proviso to section 9 is added by Act No 22 of 1997.s.2.

[7] Section 5 is omitted by Act No.7 of 1987.s.5

....

স্পীকার এবং ডেপুটি স্পীকার (পারিতোষিক ও বিশেষাধিকার) আইন, ১৯৭৪

[ইংরেজী পাঠের অনুদিত বাংলা পাঠ]

[২০০৭ সালের এপ্রিল পর্যন্ত সংশোধিত]

[বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, ২২ জুলাই, ১৯৭৪ তারিখে প্রকাশিত]
বাংলাদেশ জাতীয় সংসদ
ঢাকা, ২২ জুলাই, ১৯৭৪

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২২ জুলাই, ১৯৭৪ তারিখে রাষ্টপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:-

১৯৭৪ সালের ৪৮ নম্বর আইন

সংসদের স্পীকার এবং ডেপুটি স্পীকার এর পারিতোষিক ও বিশেষাধিকার সংক্রান্ত

বিধানাবলী পুনর্বিবেচনাকল্পে প্রণীত আইন

যেহেতু সংসদের স্পীকার এবং ডেপুটি স্পীকার এর পারিতোষিক ও বিশেষাধিকার সংক্রান্ত বিধানাবলী পুনর্বিবেচনা করা সমীচীন ও প্রয়োজনীয়:

সেহেতু এতদ্বারা নিম্নরুপ আইন করা হইল ঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই আইন স্পীকার এবং ডেপুটি স্পীকার (পারিতোষিক ও বিশেষাধিকার) আইন, ১৯৭৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে এই আইনে,-

[১][(ক) "আইন" অর্থ মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রী (পারিতোষিক ও বিশেষাধিকার) আইন, ১৯৭৩ (১৯৭৩ সালের ৪ নম্বর আইন) ;]

[২] (কক) "ডেপুটি স্পীকার" অর্থ জাতীয় সংসদের ডেপুটি স্পীকার ; এবং

(খ) "স্পীকার" অর্থ জাতীয় সংসদের স্পীকার এবং স্পীকার হিসাবে দায়িত্ব পালনকারী ডেপুটি স্পীকারও অন্তর্ভূক্ত।

৩। স্পীকার এবং ডেপুটি স্পীকার এর বেতন।-(১) স্পীকারের বেতন বাবদ প্রতিমাসে [৩][[৪][একত্রিশ হাজার দুইশত] টাকা ও ডেপুটি স্পীকারের বেতন বাবদ প্রতিমাসে [৫][[৬][উনত্রিশ হাজার] টাকা পরিশোধ করা হইবে।

(২) উপ-ধারা (১) অনুযায়ী স্পীকার এবং ডেপুটি স্পীকার এর প্রদেয় বেতন কোন প্রকার করের আওতাধীন হইবেনা।

---

[১] ১৯৮৭ সালের ৭ নম্বর আইনের ধারা ২ দ্বারা (ক) সন্নিবেশিত ।

[২] উপরোক্ত আইনের ধারা ২ দ্বারা (কক) পুনঃসংখ্যায়িত

[৩] ২০০০ সালের ২ নম্বর আইনের ধারা২ ধারা (১-০৭-১৯৯৯ হইতে কার্যকর)" তের হাজার পাঁচশত" শব্দগুলির পরিবর্তে একুশ হাজার পাঁচশত" শব্দগুলি প্রতিস্থাপিত ।

[৪] ২০০৫ সনের ২৩ নম্বর আইনের ধারা ২ দ্বারা (১-৭-২০০৫ হইতে কার্যকর)"একুশ হাজার পাঁশত" শব্দগুলির পরিবর্তে "একত্রিশ হাজার পাঁচশত" শব্দগুলি প্রতিস্থাপিত ।

[৫] উপরোক্ত আইনের ধারা ২ দ্বারা (১-৭-১৯৯৯ হইতে কার্যকর)" বার হাজার" শব্দগুলির পরিবর্তে "বিশ হাজার" শব্দগুলি প্রতিস্থাপিত।

[৬] ২০০৫ সনের ২৩ নম্বর আইনের ধারা ২ দ্বারা (১-০৭-২০০৫ হইতে কার্যকর) "বিশ হাজার" শব্দগুলির পরিবার্তে "উনত্রিশ হাজার" শব্দগালি প্রতিস্থাপিত

১ [৪। ব্যয় নিয়ামক ভাতা।-ব্যয় নিয়ামক ভাতা বাবদ স্পীকারকে প্রতিমাসে [২][[৩][৬,০০০]] টাকা এবং ডেপুটি স্পীকারকে [২][[৩] [৬,০০০]] টাকা পরিশোধ করা হইবে।

৫। ভ্রমণকালীন দৈনিক ভাতা।-(১) প্রধানমন্ত্রীর (পারিতোষিক ও বিশেষাধিকার) আইন, ১৯৭৫ (১৯৭৫সালের ৯ নম্বর আইন) এর অধীন ভ্রমনকালীন অবস্থায় প্রধানমন্ত্রীর জন্য যেরুপ দৈনিক ভাতা প্রযোজ্য অনুরুপ দৈনিক ভাতা স্পীকার প্রাপ্য হইবেন।

(২) একজন মন্ত্রী ভ্রমনকালীন অবস্থায় আইন অনুযায়ী যেরুপ দৈনিক ভাতা প্রাপ্য হইবেন ডেপুটি স্পীকার অনুরুপ দৈনিক ভাতা প্রাপ্য হইবেন।

৬। বিমান ভ্রমণে বীমা সুবিধা।-(১) বিমান ভ্রমণের ক্ষেত্রে স্পীকার প্রতি বৎসর সরকার কর্তৃক ৫,০০,০০০ টাকার বীমা সুবিধা প্রাপ্য হইবেন।

(২) বিমান ভ্রমণের ক্ষেত্রে আইন অনুযায়ী মন্ত্রীদের জন্য প্রযোজ্য হারে ডেপুটি স্পীকার বীমা সুবিধা প্রাপ্য হইবেন।

৭। ঐচ্ছিক অনুদান।-(১) স্পীকারকে স্বীয় কর্তৃত্বে বন্টন করিবার জন্য প্রতি বৎসর ঐচ্ছিক অনুদান বাবদ অনধিক [৪][[৫][৩,০০,০০০]] টাকা প্রদান করা হইবে।

(২) আইনানুযায়ী মন্ত্রীদের জন্য প্রযোজ্য হারের অনুরুপ ডেপুটি স্পীকারকে স্বীয় কর্তৃত্বে বন্টন করিবার জন্য প্রতি বৎসর ঐচ্ছিক অনুদান প্রদান করা হইবে।

৮। সরকারী আবাসন।-(১) স্পীকার এর জন্য একটি সরকারী আব্‌সনের ব্যবস্থা থাকিবে যাহার সজ্জিতকরণ ও রক্ষণাবেক্ষণ ব্যয় সরকার কর্তৃক প্রদেয় হইবে।

(২) স্পীকার যদি তাঁহার নিজস্ব বাসস্থানে বা সরকারী আবাসন ভিন্ন অন্য কোন বাসস্থানে বসবাসে আগ্রহী হন সেই ক্ষেত্রে বাসস্থানটির সজ্জিতকরণ ব্যয় অনধিক ১,৫০,০০০ টাকা হইবে।

(৩) আইন অনুযায়ী মন্ত্রীদের জন্য প্রযোজ্য শর্তানুসারে ডেপুটি স্পীকার একটি সরকারী বাসস্থান পাইবেন।

---

[১] ১৯৮৭ সালের ৭ নম্বর আইন দ্বারা (১-৭-১৯৯৬ হইতে কার্যকর) ধারা ৪ এর পরিবর্তে ধারা ৪,৫,৬,৭,৮,এবং ৯ প্রতিস্থাপিত ।

[২] ১৯৯২ সালের ১৬ নম্বর আইনের ধারা ৩ দ্বারা (১-৭-১৯৯৯ হইতে কার্যকর)"৪,০০০"এবং "২০০০" শব্দগুলির পরিবর্তে "৫,০০০" এবং "৩,০০০" শব্দগুলি প্রতিস্থাপিত ।

[৩] ২০০৩ সালের ২১ নং আইনের ধারা ২ দ্বারা (১-৭-২০০৩ হইতে কার্যকর) "৫,০০০"এবং"৩০০০"সংখ্যাগুলির পরিবর্তে "৬,০০০"এবং "৬০০০" সংখ্যাগুলি প্রতিস্থাপিত ।

[৪] ১৯৮৯ সালের ৫ নম্বর আইনের ধারা ২ দ্বারা (১-৭-১৯৮৮ হইতে কার্যকর) "টাকা ১,৫০,০০০"শব্দগুলির পরিবর্তে "টাকা ২,০০.০০০"শব্দগুলি প্রতিস্থাপিত ।

[৫] ২০০৩ সালের ২১ নং আইনের ধারা ৩ দ্বারা (১-৭-২০০৩ হইতে কার্যকর) "২,০০.০০০"সংখ্যাটির পরিবর্তে"৩,০০,০০০"সংখ্যাটি প্রতিস্থাপিত ।

৯। অন্যান্য ভাতাদি, সুবিধাদি এবং বিশেষাধিকার।- আইন অনুযায়ী মন্ত্রীদের জন্য প্রযোজ্য হারের অনুরুপ স্পীকার এবং ডেপুটি স্পীকার অন্যান্য ভাতাদি, সুবিধাদি এবং বিশেষাধিকারসমূহ প্রাপ্য হইবেন ঃ

[৬][তবে শর্ত থাকে যে, স্পীকার আরো একজন সহকারী একান্ত সচিব এবং অতিরিক্ত একজন পিয়ন প্রাপ্য হইবেন ঃ

আরো শর্ত থাকে যে, সহকারী একান্ত সচিব এর পদবী, মর্যাদা, নিয়োগ পদ্ধতি এবং চাকুরীর অন্যান্য শর্তাদি আইন এর ১৪ ধারা অনুযায়ী নির্ধারিত হইবে ঃ

আরও শর্ত থাকে যে, অতিরিক্ত পিয়ন সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত বেতনে নিয়োগ প্রাপ্ত হইবে, স্পীকার যতদিন স্বীয় পদে বহাল থাকিবেন অথবা তিনি উক্ত পদে যতদিন তাহাকে বহাল রাখিবার ইচ্ছা পোষণ করিবেন ততদিন সে উক্ত পদে থাকিতে পারিবে।]]

[৭] [* * * * * * * * * * * * * * * *]

এস, এম, রহমান
সচিব

---

[৬] **১৯৯৭ সালের ২২ নম্বর আইনের ধারা ২ দ্বারা ৯ ধারার শর্তাংশ সংযোজিত ।**

[৭] **১৯৮৭ সালের ৭ নম্বর আইনের ধারা ৫ দ্বারা ধারা ৫ বিলুপ্ত ।**